

নিজ কন্যার উদ্দেশ্যে বাইশ শতকের এক কবি  
খন্দকার জাহিদ হাসান

তুমিই বোধ হয় এই শতকের শেষ মেয়েটি,  
মা-বাবা যার বিবাহিত,  
তুমিও যদি বিয়ে করার আশা করো,  
হবেই সেটা তিরোহিত।

ভালই বটে- এখন থেকে কোনোই নারী  
হবেই না তো আর বিধবা,  
স্বামীর শোকে কাঁদতে কাঁদতে আর হবে না  
কারোই দু'চোখ রক্তজবা।

সম্ভবত তোমার মা-ই এই পৃথিবীর  
ছিপছিপে এক শেষ তন্বী,  
তোমার মা-ই ঘরকন্নার ধারক-বাহক  
রাঁধুনি এক শেষ গিন্নী।

হয়তো আমিই এই শতকের হাল্কা-পাতলা  
সংসারী এক মাত্র পুরুষ,  
যেই মানুষটি আজও কামায় গোঁফ-দাড়ি আর  
নিত্য করে জুতো বুরুশ।

জানিই আমি, ছোটো থেকেই তোমার একটা  
মডেল হবার একান্ত সখা,  
তাই উপদেশঃ বানিয়ে ফেল আজই একটা  
উল্টোপাল্টা খাদ্যের ছক-

প্রচুর খেয়ে দেহের ওজন নাও বাড়িয়ে,  
তবেই হবে কেব্লা ফতে  
বলছি দেখো, পারবে তবেই এই জমানায়  
নায়িকা বা মডেল হতে।

সবখানে আজ বুদ্ধিবৃত্তি, ট্যালেন্ট, মেরিট,  
জিনিয়াসের ছড়াছড়ি  
হৃদয়বৃত্তি, দর্শন আর ভাবাবেগের  
নেই দাম হয় কানাকড়ি!

এটাই বোধ হয় অত্যাধুনিক এই সময়ের  
ছন্দোবদ্ধ শেষ কবিতা  
এখন থেকে আসবে যে-সব, ছন্দবিহীন  
প্রলাপ হবে হয় সব-ই তা।